

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কেন্দ্রীয় তহবিল
www.centralfund.gov.bd

নম্বর - ৪০.০৬.০০০০.০০১.৩৪.০২০.১৯- ২২০

তারিখঃ- ০৮ আষাঢ় ১৪৩৩
২২ জুন ২০২৬

আদেশ


যেহেতু জনাব এ.এম. ইয়াছিন, উপ-সহকারী পরিচালক, কেন্দ্রীয় তহবিল-এর বিরুদ্ধে কেন্দ্রীয় তহবিলে কর্মকালে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে ০৬/০৭/২০২৫ তারিখ থেকে কর্মস্থলে অনুপস্থিত থাকা, কর্মস্থলে যোগদানের নির্দেশ প্রদান করা সত্ত্বেও বিনানুমতিতে ৬০ দিনের অধিক অনুপস্থিতি, উর্ধ্বতন কর্তৃপক্ষের যৌক্তিক আদেশ অমান্য এবং অভ্যাসগতভাবে কর্মস্থলের নিয়ম কানুনের প্রতি অবজ্ঞা ও কর্তব্যে অবহেলার অপরাধে 'কেন্দ্রীয় তহবিল এর কর্মচারী চাকরি প্রবিধানমালা-২০১৮ (সংশোধিত ২০২২)'-এর প্রবিধি ৪৯(ক), (খ) ও (গ) অনুযায়ী যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়ন-এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং ০২/১১/২০২৫ তারিখে ৪০.০৬.০০০০.০০১.৩৪.০২০.১৯.৩০১ সংখ্যক স্মারকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রেরণ না করায় কেন্দ্রীয় তহবিল কর্মচারী চাকরি প্রবিধানমালা-২০১৮ (সংশোধিত ২০২২) অনুযায়ী ২২/১২/২০২৫ তারিখের ৪০.০৬.০০০০.০০১.৩৪.০২০.১৯-৩৫২ স্মারক মূলে বিভাগীয় মামলাটি তদন্তের নিমিত্ত তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। পর পর তিনবার তদন্তের নিমিত্ত শুনানিতে অহবান করা সত্ত্বেও তিনি তদন্ত কার্যক্রমে অনুপস্থিত থাকায় তদন্ত কর্মকর্তা একতরফাভাবে তদন্ত সম্পন্ন করে প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, তদন্ত কর্মকর্তা তাঁর প্রতিবেদনে জনাব এ.এম. ইয়াছিন-এর বিরুদ্ধে আনীত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি, ডিজারশন, উর্ধ্বতন কর্তৃপক্ষের আইনসম্মত আদেশ অমান্য এবং অভ্যাসগতভাবে কর্মস্থলে নিয়মকানুনের প্রতি অবজ্ঞা, কর্তব্যে অবহেলার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করেন;

যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত বর্ণিত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সার্বিক পর্যালোচনায় কেন্দ্রীয় তহবিলের পরিচালনা বোর্ডের ০৩/০২/২০২৬ তারিখের ২৫ তম সভায় তাকে 'কেন্দ্রীয় তহবিল এর কর্মচারী চাকরি প্রবিধানমালা-২০১৮ (সংশোধিত ২০২২)'-এর প্রবিধি ৫০(ঙ) অনুযায়ী 'চাকুরি থেকে বরখাস্ত' করার প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়;

যেহেতু, বর্ণিত গুরুদণ্ড কেন তাঁর বিরুদ্ধে আরোপ হবে না মর্মে তাকে ১৫/০৩/২০২৬ তারিখে ৪০.০৬.০০০০.০০১.৩৪.০২০.১৯.১১৯ নম্বর স্মারকমূলে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। উক্ত নোটিশের জবাব প্রদানের সময় ০২/০৪/২০২৬ তারিখ সমাপ্ত হলেও তিনি নির্ধারিত সময়ে জবাব দাখিল করেন নাই;এবং



যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা করে 'কেন্দ্রীয় তহবিল এর কর্মচারী চাকরি প্রবিধানমালা-২০১৮ (সংশোধিত ২০২২)'-এর প্রবিধি ৪৯(ক), (খ) ও (গ) অনুযায়ী যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়ন-এর প্রমাণিত অভিযোগে একই প্রবিধানমালার প্রবিধি ৫০(ঙ) অনুযায়ী অভিযুক্ত কর্মকর্তাকে 'চাকুরি থেকে বরখাস্ত' করার গুরুদণ্ড আরোপের বিষয়ে কেন্দ্রীয় তহবিল পরিচালনা বোর্ডের ১৭/০৫/২৬ তারিখের ২৬ তম সভায় চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করা হয়;

সেহেতু, 'কেন্দ্রীয় তহবিল এর কর্মচারী চাকরি প্রবিধানমালা-২০১৮ (সংশোধিত ২০২২)'-এর প্রবিধি ৫০(ঙ) অনুযায়ী জনাব এ.এম. ইয়াছিন, উপ-সহকারী পরিচালক-কে 'চাকুরি থেকে বরখাস্ত' করা হলো।

এই আদেশ অভিযুক্ত কর্মকর্তা জনাব এ.এম. ইয়াছিন-এর অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০৬/০৭/২০২৫ তারিখ হতে কার্যকর হবে।


মোঃহুমায়ুন কবীর
মহাপরিচালক

জনাব এ.এম.ইয়াছিন

উপ-সহকারী পরিচালক, কেন্দ্রীয় তহবিল

বর্তমান ও স্থায়ী ঠিকানাঃ ২০/৮, কেদারনাথ মেইন রোড, থানা-দৌলতপুর, খুলনা মেট্রোপলিটন

ইমেইলযোগেঃ prethebeyasinarafat@gmail.com


হোয়াটসঅ্যাপঃ ০১৯২০০২২৬৬৯

নম্বর - ৪০.০৬.০০০০.০০১.৩৪.০২০.১৯- ২২০

তারিখঃ- ০৮ আষাঢ় ১৪৩৩
২২ জুন ২০২৬

অনুলিপিঃ

- ১। যুগ্ম সচিব, সংস্থাপন এবং প্রশিক্ষণ অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ২। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা/ কর্মচারী, কেন্দ্রীয় তহবিল।
- ৫। পরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা/ কর্মচারী, কেন্দ্রীয় তহবিল।
- ৬। অফিস কপি।


২২/৬/২৬
মাগফুরুল আউয়াল মেরাজ
সহকারী পরিচালক (প্রশাসন)
(অতিঃদায়িত্ব)